

বাকুবি উপাচার্য বলেন জালিমদের জায়গা এ দেশে হবে না

বাকুবি সংবাদদাতা

১১ ডিসেম্বর ২০২৪, ১২:০০ এ.এম



একাত্তরের মহান মুক্তিযুদ্ধের মতোই আমরা জুলাই মাসেও জালিম ও ফ্যাসিবাদের বিরুদ্ধে লড়াই করেছি এবং আগস্ট মাসে স্বাধীনতা অর্জন করেছি। আমাদের সজাগ থাকতে হবে, যেন কোনো জালিম সরকার বা গোষ্ঠী আমাদের দমিয়ে রাখতে না পারে। এ দেশের মাটিতে তাদের কোনো জায়গা হবে না। কথাগুলো বলেছেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) উপাচার্য অধ্যাপক ড. একে ফজলুল হক ভূঁইয়া। গতকাল ময়মনসিংহ মুক্ত দিবস উদযাপন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। উপাচার্য আরও জানান, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের নেতৃত্বে সশস্ত্র মুক্তিযুদ্ধ শুরু হয়েছিল এবং তার ধারাবাহিকতায় ১৬ ডিসেম্বর বাংলাদেশ স্বাধীন হয়। এর আগে ১০ ডিসেম্বর ময়মনসিংহ শত্রুমুক্ত হয়। এ মুক্তির সংগ্রামে বাকুবির শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীরা অসামান্য ভূমিকা পালন করেন। বিশ্ববিদ্যালয়ের জাতীয় দিবস উদযাপন কমিটির সভাপতি ও ছাত্রবিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. মো. শহীদুল হকের সভাপতিত্বে এবং সহযোগী ছাত্রবিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. মোহাম্মদ সাইফুল্লাহের সঞ্চালনায় এ অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন দায়িত্বপ্রাপ্ত কোষাধ্যক্ষ অধ্যাপক ড. হুমায়ুন কবির, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ড. মো. হেলাল উদ্দীন, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম সরদার ও সাধারণ সম্পাদক ড. মো. আসাদুজ্জামান সরকার, প্রক্টর অধ্যাপক ড. মো. আব্দুল আলীমসহ বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক-শিক্ষার্থী এবং কর্মকর্তা-কর্মচারীরা।

UNIBOTS

